# নোটিশ

## নির্বাহী কমিটি সভার সিদ্ধান্ত

১। এই মহাপরিদপ্তরে নির্বাহী কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত সকলের অবগতির জন্য ডিজিডিপি ওয়েবসাইটে প্রকাশ করা করা হলো:

ক। **সরবরাহকারী কর্তৃক সেনাবাহিনীর জন্য প্রস্তুতকৃত কম্ব্যাট কাপড়ের নিরাপত্তা নিশ্চিত করণ প্রসঙ্গে।**

(১) **সিদ্ধান্তঃ**

(ক) দরপত্র শিডিউলে বাতিলকৃত লট কিভাবে ধ্বংস করা হবে সে বিষয়ে উল্লেখ থাকতে হবে এবং এই সংক্রান্ত অনুচ্ছেদ (Clause) শাস্তিমূলক ব্যবস্থা উল্লেখসহ চুক্তিতে অন্তর্ভুক্ত করতে হবে।

(খ) এতদ্বিষয়ে চুড়ান্ত বিল পরিশোধের পূর্বে বাতিলকৃত লট/উদ্বৃত্ত মালামাল/কম্ব্যাট প্রিন্টেড কাপড় সমূহ যথাযথ নিয়ম মেনে ধ্বংস করা হয়েছে/ বেসামরিক পরিমন্ডলে বিক্রয়/সরবরাহ করা হয় নাই মর্মে উইং কর্তৃক সনদপত্র গ্রহণ করতে হবে।

খ। **কম্ব্যাট কাপড়ের ক্ষেত্রে পার্ট পেমেন্টের সংখ্যা নির্ধারণ প্রসঙ্গে।**

(১) **সিদ্ধান্তঃ** ভবিষ্যতে কম্ব্যাট কাপড়ের ক্ষেত্রে পার্ট পেমেন্টের সংখ্যা নির্ধারিত করে চুক্তিপত্রের শর্তাবলীতে সংযুক্ত করতে হবে।

গ। **স্থানীয় মুদ্রায় সম্পাদিত খুচরা যন্ত্রাংশ (SPARE PARTS) চুক্তিপত্রের অনুকুলে আংশিক পণ্য সরবরাহ ও আংশিক বিলমূল্য পরিশোধ প্রসংগে।**

(১) **সিদ্ধান্তঃ** আর্মি উইং-১ এর ক্ষেত্রে খুচরা যন্ত্রাংশ এবং দেশী মুদ্রায় ক্রয়তব্য সকল দ্রব্যাদির চুক্তিপত্রের পেমেন্ট টার্মস এ "**পার্ট পেমেন্ট সর্বোচ্চ ০৩ বার**" উল্লেখ করে চুক্তি স্বাক্ষর করতে হবে।

ঘ। **পণ্য আমদানীর জন্য মন্ত্রণালয়ের অনুমোদনের আবশ্যিকতা দরপত্র এবং চুক্তিপত্রে উল্লেখকরণ প্রসঙ্গে।**

(১) **সিদ্ধান্তঃ**

(ক) যে সমস্ত পণ্য আমদানীর জন্য বিভিন্ন মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন হয় সেগুলোর দরপত্র আহবানের সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের বিষয়টি উল্লেখ করতে হবে।

(খ) দরপত্রে এবং চুক্তিপত্রে নিম্নলিখিত স্তবক সংযুক্ত করতে হবে:

" মন্ত্রণালয়ের ছাড়পত্র/অনুমোদন প্রয়োজন হলে সরবরাহকারী কর্তৃক আইটেম টি জাহাজীকরণের পূর্বেই প্রয়োজনীয় ছাড়পত্র অনুমোদন প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করতে হবে। এ বিষয়ে ডিজিডিপি কর্তৃক প্রয়োজনীয় সকল দলিল / দস্তাবেজ /অনুমোদন ইত্যাদি বিষয়ে সহযোগিতা করা হবে"।

ঙ। **<u>রেজিষ্ট্রেশন শাখা কর্তৃক সরবরাহকারীদের বিভিন্ন অনুসন্ধান /অভিযোগ সম্বোধনের জন্য দিন নির্ধারণ প্রসঙ্গে</u>।**

**(১) <u>সিদ্ধান্তঃ</u>**

(ক) সরবরাহকারীদের শুধুমাত্র রেজি: সংক্রান্ত (তালিকাভুক্তি, অবরোধ, সতর্কীকরণ, নিরাপত্তা জামানত, নিরাপত্তা ছাড়পত্র/নবায়ন ইত্যাদি) বিভিন্ন অনুসন্ধান/অভিযোগ রেজিষ্ট্রেশন শাখা কর্তৃক সম্বোধনের জন্য প্রতি সপ্তাহে একটি দিন নির্ধারণ করতে হবে।

(খ) উপপরিচালক (রেজি:) এর অবর্তমানে উপ পরিচালক(প্রশাসন) কর্তৃক সরবরাহকারীদের অভিযোগসমূহ সম্বোধন করবেন ।

(গ) নির্ধারিত দিবস (সপ্তাহে একদিন) এবং এতদসংক্রান্ত বিজ্ঞপ্তি ডিজিডিপি ওয়েবসাইটে প্রকাশের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

(ঘ) সরবরাহকারীদের অভিযোগ এবং গৃহিত ব্যবস্থা একটি রেজিস্টার লিপিবদ্ধ করত: উপপরিচালক (রেজি:), উপপরিচালক (প্রশাসন) এবং উপমহাপরিচালকের স্বাক্ষরান্তে প্রতিমাসে ০১ (এক) বার মহাপরিচালকের অবগতির জন্য উপস্থাপন করতে হবে।

চ। **<u>নতুন সরবরাহকারীর তালিকাভুক্তি পদ্ধতি সংশোধন প্রসঙ্গে</u>।**

**(১) <u>সিদ্ধান্তঃ</u>**

(ক) সরবরাহকারী কর্তৃক ৩০০০/- টাকার (পে-অর্ডার (অফেরতযোগ্য) সহ তালিকাভুক্তির ফরমের আবেদন দাখিলের প্রেক্ষিতে রেজিষ্টারে অন্তর্ভূক্তির মাধ্যমে ফরম ও প্রেরিতব্য নথিপত্রাদির তালিকা বিতরণ করতে হবে।

(খ) পরবর্তীতে সরবরাহকারী কর্তৃক পূরণকৃত ফরম এবং আনুষাঙ্গিক নথিপত্র দাখিলের পর যাচাই বাছাই করতঃ ই-নথির মাধ্যমে ডিজি মহোদয়ের অনুমোদন সাপেক্ষে নিরাপত্তা ছাড়পত্রের জন্য ডিজিএফআইতে প্রেরণ করতে হবে।

ছ। **<u>নিরাপত্তা ছাড়পত্র নবায়ন ও টেন্ডার সিডিউল বিক্রয় প্রসংগে</u>।**

**(১) <u>সিদ্ধান্তঃ</u>**

(ক) নিরাপত্তা ছাড়পত্রের মেয়াদ শেষ হওয়ার ০৮ মাস পূর্বেই সংশ্লিষ্ট সরবরাহকারী কর্তৃক নবায়নের জন্য আবেদন করতে হবে। মেয়াদ শেষ হওয়ার নূন্যতম ০৬ মাস পূর্বে সরবরাহকারী হতে আবেদন গৃহীত না হলে উক্ত সরবরাহকারীর নিকট হতে নিরাপত্তা ছাড়পত্রের আবেদনপত্র সঠিকভাবে গৃহীত হওয়ার পূর্ব পর্যন্ত সিডিউল বিক্রয় বন্ধ থাকবে।

জ। **<u>ডিজিডিপিতে নতুন নিবন্ধন ও নিবন্ধন বাতিলের প্রাক্কালে সনদ/প্রশংসাপত্র এবং আপ্যায়ন প্রসঙ্গে।</u>**

(১) **<u>সিদ্ধান্তঃ</u>**

(ক) কোন সরবরাহকারী ডিজিডিপিতে প্রথমবার নিবন্ধিত হলে উপপরিচালক (রেজি:) কর্তৃক উক্ত সরবরাহকারীকে নিবন্ধন সনদ হস্তান্তর করা হবে।

(খ) একইভাবে কোন সরবরাহকারী ডিজিডিপি হতে নিবন্ধন বাতিল করে যাওয়ার প্রাক্কালে উপপরিচালক (রেজি:)কর্তৃক সরবরাহকারীকে প্রশংসাপত্র এবং ডিজিডিপি কয়েন হস্তান্তর করা হবে।

ঝ। **<u>সরবরাহকারী পিজি প্রদান না করায় টেন্ডার সিডিউল বিক্রয় না করা প্রসংগে।</u>**

(১) **<u>সিদ্ধান্তঃ</u>**

(ক) কোন সরবরাহকারী পিজি প্রদানে ব্যর্থ হলে তার নিকট সিডিউল বিক্রয় বন্ধ থাকবে। অত:পর পে-অর্ডার /পিজি প্রাপ্তি সাপেক্ষে পুনরায় সিডিউল বিক্রয় চালু হবে।

(খ) ক্রয় শাখা কর্তৃক সিডিউল বিক্রয় বন্ধের নোটশীট মহাপরিচালকের নিকট হতে অনুমোদন সাপেক্ষে রেজিষ্ট্রেশন শাখায় পত্র প্রেরণ করতে হবে। অত:পর রেজিষ্ট্রেশন শাখা কর্তৃক সরবরাহকারীকে পত্রের মাধ্যমে সিডিউল বিক্রয় বন্ধের সিদ্ধান্ত অবহিত করতে হবে।

ঞ। **<u>সমুদয় পণ্য অথবা খুচরা যন্ত্রাংশের Country of Origin অথবা Country of Manufacturer পরিবর্তনের ক্ষেত্রে মূল্য নির্ধারণ প্রসংগে।</u>**

(১) **<u>সিদ্ধান্তঃ</u>** (শুধুমাত্র আর্মি উইং-২ এর পি-১৫ শাখার জন্য প্রযোজ্য)

(ক) চুক্তিপত্র স্বাক্ষরের পর সমুদয় পণ্য অথবা খুচরা যন্ত্রাংশের Country of Origin অথবা Country of Manufacturer পরিবর্তন করা হলে চুক্তিপত্রে নির্ধারিত দেশের পণ্য এবং পরিবর্তিত দেশের পণ্যের মূল্যের পার্থক্যের সমপরিপরিমান অর্থ সরবরাহকারীর দাবীকৃত বিল হতে কর্তন করা হবে। (শুধুমাত্র আর্মি উইং-২ এর পি-১৫ শাখার জন্য প্রযোজ্য)

(খ) ক্রয় শাখা কর্তৃক বিলমূল্য পরিশোধ করার সময় পণ্যমূল্যের পার্থক্যের সমপরিমান অর্থ কর্তন করে বিলমূল্য পরিশোধের নোটশীটে উল্লেখপূর্বক মহাপরিচালকের নিকট উপস্থাপন করতে হবে।

মো: সেলিম রেজা
মেজর
জিএসও-২
বর্ধিত-৫০০৬

০১ এপ্রিল ২০২৪